# সুস্থায়ী উন্নয়ন লক্ষ্য মাত্রার স্থানীয়করণ

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম (থিম- ০৫)

सशक्त पंचायत सतत् विकास

## পঞ্চায়েত দপ্তর, ত্রিপুরা সরকার

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম বলতে কী বোঝায়?

পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম বলতে বোঝায় যেই গ্রামে-

- প্রত্যেকটি বাড়ি, প্রতিষ্ঠান, জনবহুল এলাকাতে জলের সুবিধাযুক্ত শৌচালয়ের ব্যবস্থা আছে,
- গ্রামের সকল ব্যক্তি পরিস্রুত পানীয় জলের পরিষেবা পায়,
- কঠিন ও তরল বর্জ্য পদার্থের নিষ্কাশনী ব্যবস্থা আছে,
- পয়ঃপ্রণালী ব্যবস্থা আছে,
- দূষণের মাত্রা রোধে ব্যবস্থা গ্রহণ করা হয়,
- পরিষ্কার-পরিচ্ছন্নতা, গাছ লাগানো, প্লাস্টিক ব্যবহার বন্ধ করা ইত্যাদির উপর সচেতনতা বাড়ানো হয়,
- জৈব বৈচিত্র্য সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নেওয়া হয়,
- নবীকরণযোগ্য শক্তির ব্যবহারের উপর গুরুত্ব দেওয়া হয়, ইত্যাদি।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার প্রয়োজনীয়তা

- ➢স্বাস্থ্যকর পরিবেশ
- ➢স্বাস্থ্যকর জীবন
- ➢জলের নীচের এবং জলের উপরের জীবনের সুরক্ষা
- ➢দূষণের মাত্রা কমানো
- ➢ভূমিক্ষয় রোধ ও মাটির উর্বরতা বজায় রাখা
- ➢জৈব বৈচিত্র্যকে রক্ষা করা
- ➢অনবীকরণযোগ্য শক্তির ব্যবহার কমানো

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম এবং সুস্থায়ী উন্নয়ন লক্ষ্যমাত্রার সম্পর্ক





# ধন্যবাদ

# সুস্থায়ী উন্নয়ন লক্ষ্য মাত্রার স্থানীয়করণ

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম (থিম- ০৫)

1 NO POVERTY
2 ZERO HUNGER
3 GOOD HEALTH AND WELL-BEING
4 QUALITY EDUCATION
5 GENDER EQUALITY
6 CLEAN WATER AND SANITATION
7 AFFORDABLE AND CLEAN ENERGY
8 DECENT WORK AND ECONOMIC GROWTH
9 INDUSTRY, INNOVATION AND INFRASTRUCTURE
10 REDUCED INEQUALITIES
11 SUSTAINABLE CITIES AND COMMUNITIES
12 RESPONSIBLE CONSUMPTION AND PRODUCTION
13 CLIMATE ACTION
14 LIFE BELOW WATER
15 LIFE ON LAND
16 PEACE, JUSTICE AND STRONG INSTITUTIONS
17 PARTNERSHIPS FOR THE GOALS

सशक्त पंचायत सतत् विकास

## পঞ্চায়েত দপ্তর, ত্রিপুরা সরকার

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার ক্ষেত্রে প্রয়োজনীয় সম্পদ

| প্রয়োজনীয় সম্পদের উৎস | দপ্তর |
|---|---|
| কেন্দ্রীয় অর্থ কমিশন | পঞ্চায়েত |
| রাজ্য অর্থ কমিশন | পঞ্চায়েত |
| নিজস্ব আয় | পঞ্চায়েত |
| স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) | আরডি |
| জল জীবন মিশন | পানীয় জল ও স্বাস্থ্য বিধান |
| উজালা যোজনা | বিদ্যুৎ |
| উজ্জ্বলা যোজনা | খাদ্য দপ্তর |
| পিএম কুসুম | কৃষি এবং ব্রেডা |

| মানব সম্পদ |
|---|
| জনপ্রতিনিধি |
| পঞ্চায়েত এর কর্মীবৃন্দ |
| ভিলেজ ওয়াটার এন্ড স্যানিটেশন কমিটি |
| স্বচ্ছগ্রাহী |
| স্বনির্ভর গোষ্ঠী |
| জনসাধারণ |
| এন জি ও |
| ক্লাব |
| গ্রামের ধর্মীয় সংগঠন/ব্যক্তি |
| অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারী |

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- ❑কৃষি বনায়ন
- ❑কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা
- ❑নথি তৈরীর ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ
- ❑জৈব সার ক্রয়/বন্টন
- ❑পরিচ্ছন্নতা নিয়ে জনসচেতনতা শিবির করা
- ❑স্বচ্ছতা অভিযান
- ❑সেপটিক ট্যাঙ্কগুলিকে সোক পিটগুলির সাথে সংযুক্ত করা
- ❑বায়ো-গ্যাস এবং কম্পোস্ট ইউনিট নির্মাণ
- ❑কমিউনিটি স্যানিটারি কমপ্লেক্স নির্মাণ
- ❑পৃথকীকরণ (Segregation) ইউনিট নির্মাণ
- ❑সরকারী প্রতিষ্ঠানে শৌচালয় নির্মাণ

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- নথি তৈরির খরচ, পরামর্শ গ্রহণ ইত্যাদির জন্য প্রয়োজনীয় খরচ
- জিপিডিপি প্রস্তুত করার ক্ষেত্রে পিআরএ, আইইসি, সার্ভে ইত্যাদি বাবদ খরচ
- শৌচালয় প্রকল্পের জন্য প্রকল্প প্রতিবেদন এবং প্রযুক্তিগত পরিকল্পনা তৈরী বাবদ খরচ
- গোবর্ধন ইউনিট তৈরী
- কমিউনিটি কম্পোস্ট পিট তৈরি করা
- কমিউনিটি সোক পিট তৈরি করা
- ধূসর জল ব্যবস্থাপনার জন্য নিষ্কাশনী চ্যানেল তৈরী করা
- প্লাস্টিক বর্জ্য স্টোরেজ ইউনিট তৈরি করা
- ভেজা ও শুকনো বর্জ্য পৃথকীকরণ ও প্রক্রিয়াকরণের জন্য শেড তৈরি করা
- ধূসর জলের প্রাক পরিশোধনের জন্য পলি, তেল এবং গ্রীস চেম্বার তৈরি করা

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- ছোট-বোর পাইপ পরিবহন ব্যবস্থা তৈরি করা
- গ্রে ওয়াটার ম্যানেজমেন্টের জন্য গর্ত তৈরি করা
- জলাশয়ের পলি মাটি অপসারণ
- ড্রেন নির্মাণ
- ধূসর জল ব্যবস্থাপনা
- বিভিন্ন সহায়তা সংস্থা নিয়োগ
- বাড়িঘরে কিচেন গার্ডেন (Kitchen Garden) তৈরি করা
- ভূমি উন্নয়ন
- কম্পোস্ট করার জন্য প্রয়োজনীয় উপকরণ
- নতুন বাগান তৈরী করা
- গোবর্ধন ইউনিটের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- ❑কমিউনিটি কম্পোস্ট পিট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
- ❑সুলভ শৌচালয়ের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
- ❑কমিউনিটি সোক পিট পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
- ❑কম্পোস্টিং শেড/কেন্দ্রের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ
- ❑স্বচ্ছাগ্রহীদের সম্মানী প্রদান
- ❑মল, মুত্র নিষ্কাশনী ব্যবস্থা
- ❑চুক্তিভিত্তিক এবং আউটসোর্স কর্মীদের পরিষেবার জন্য পেশাদার ফি প্রদান
- ❑দূষণের প্রভাব কমাতে গাছ লাগান
- ❑বর্জ্য ব্যবস্থাপনার জন্য যন্ত্রপাতি ক্রয় (নিরাপত্তা সরঞ্জাম সহ)
- ❑জনবহুল জায়গায় লিটার বিন তৈরি করতে হবে

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- স্যানিটারি প্যাড ডিসপেনসার ক্রয়
- স্যানিটারি প্যাড ইনসিনারেটর ক্রয়
- পৃথকীকরণ বিন (Segregation Bin) ক্রয়
- ঘরে ঘরে বর্জ্য সংগ্রহের জন্য ট্রাইসাইকেল/অন্যান্য ব্যাটারি চালিত যানবাহন ক্রয়
- একক পিট টয়লেট থেকে টুইন পিট টয়লেটের রিট্রোফিটিং
- রাস্তার পাশে বৃক্ষরোপণ
- সামাজিক বনায়ন
- চারণভূমিতে সামাজিক বনায়ন

# ই-গ্রাম স্বরাজ পোর্টালে অন্তর্ভুক্ত পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম সম্পর্কিত কার্যক্রম

- ❑অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সোলার লাইট
- ❑কমিউনিটি সেন্টারে সোলার লাইট
- ❑সোলার পাম্পসেট স্থাপন
- ❑সোলার স্ট্রিট লাইটিং
- ❑রাস্তার আলোর জন্য এলইডি বাল্ব/এলইডি টিউবলাইটের ব্যবহার
- ❑ভার্মি-কম্পোস্ট নির্মাণ



# ধন্যবাদ

# সুস্থায়ী উন্নয়ন লক্ষ্য মাত্রার স্থানীয়করণ

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম (থিম- ০৫)

सशक्त पंचायत सतत् विकास

## পঞ্চায়েত দপ্তর, ত্রিপুরা সরকার

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার ক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা

❑ সমস্ত বাড়িঘর, সরকারী প্রতিষ্ঠান এবং জনবহুল জায়গায় জলের সুবিধাযুক্ত শৌচালয়ের ব্যবস্থা করা।

❑ প্রয়োজন অনুসারে পাকা পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা।

❑ কঠিন বর্জ্য পদার্থের বিজ্ঞানসম্মত নিষ্পত্তির জন্য ডাস্টবিন প্রদান, বর্জ্য সংগ্রহের ব্যবস্থা করা, ট্রাই সাইকেল এর বন্দোবস্ত করা, পৃথকীকরণ (Segregation Unit) কেন্দ্র, ডাম্পিং জোন এর ব্যবস্থা করা ।

❑ সাফাই কর্মীদের জন্য নিরাপত্তা সরঞ্জামের ব্যবস্থা করা।

❑ পরিষ্কার পরিচ্ছন্নতার উপর সচেতনতা বৃদ্ধি করার জন্য পথ নাটক, রোড শো, সচেতনতামূলক দেওয়াল লিখন/ফ্লেক্স ইত্যাদির ব্যবস্থা করা।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার ক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা

- ধূসর এবং বর্জ্য জলের বৈজ্ঞানিক ব্যবস্থাপনা।

- জনসাধারণকে নবীকরণযোগ্য শক্তি ব্যবহারে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে উৎসাহিত করা।

- গ্রামের সমস্ত এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ক্ষেত্রে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা এবং পঞ্চায়েতের উদ্যোগে সকলের অংশীদারীত্বের মাধ্যমে স্বচ্ছতা অভিযান করা।

- জলের উৎসগুলির পরিচ্ছন্নতা বজায় রাখা এবং নিয়মিত পরিসরে জলের গুণগত মান পরীক্ষা করা।

- প্রত্যেকটি সরকারী প্রতিষ্ঠানে হাত ধোয়ার জন্য (Hand Washing Unit) পর্যাপ্ত ব্যবস্থা যথা জল, সাবান ইত্যাদির ব্যবস্থা করা এবং তার পাশাপাশি বাড়িঘরেও যাতে সবাই নিয়মিত পরিসরে বিশেষ করে খাওয়ার আগে, শৌচের পর হাত ধোয়া অভ্যাস করে তার জন্য সকলের মধ্যে বিশেষ করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার ক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা

- সামাজিক বনায়নের মাধ্যমে গাছ লাগানো।
- গাছগুলিকে রক্ষণাবেক্ষণ করা।
- বিষ প্রয়োগে মৎস্য শিকার বন্ধে জনসচেতনতা বৃদ্ধি করা।
- একক ব্যবহারযোগ্য প্লাস্টিক (Single Use Plastic) বন্ধে জনসচেতনতা বৃদ্ধি করা।
- জৈব বৈচিত্র্য (Biodiversity) রেজিস্টার পঞ্চায়েতে নিয়মিত পরিসরে আপডেট রাখা।
- কৃষি ক্ষেত্রে জৈব সার ব্যবহারে কৃষকদের উৎসাহিত করা এবং জৈব সার সম্পর্কিত বিভিন্ন প্রকল্পের সুবিধা পেতে সহযোগিতা করা।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম করার ক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা

- কৃষকদের জন্য কৃষি দপ্তরের মাধ্যমে সয়েল হেলথ কার্ড এর ব্যবস্থা করা।
- বিভিন্ন ধরনের দূষণ রোধে জনসচেতনতা বৃদ্ধি করা।
- গোবর্ধন প্রকল্পের অধীনে প্রয়োজনবোধে এবং কাঁচা মাল সহজলভ্য হলে বায়োগ্যাস প্ল্যান্ট এর ব্যবস্থা করা।
- ভিলেজ লেভেল ওয়াটার এন্ড স্যানিটেশন কমিটিকে কার্যকর রাখা।



# ধন্যবাদ

# সুস্থায়ী উন্নয়ন লক্ষ্য মাত্রার স্থানীয়করণ

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম (থিম- ০৫)




सशक्त पंचायत सतत् विकास




# পঞ্চায়েত দপ্তর, ত্রিপুরা সরকার

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম এর ক্ষেত্রে মোট ৪১ টি সূচক ধার্য করা আছে।

লক্ষ্য ১- গ্রামে পয়ঃপ্রণালী ব্যবস্থা নিশ্চিত করা

❖ সূচক- কত শতাংশ আই আই এইচ এল এর মাধ্যমে প্রদত্ত শৌচালয় কার্যকরী আছে।

কত শতাংশ পরিবারে নিরাপদ শৌচালয় আছে।

গ্রামের মোট জনসংখ্যার কত শতাংশ নিজস্ব জায়গার স্বল্পতার কারণে সুলভ শৌচালয় (Community Toilet) ব্যবহার করে।

কত শতাংশ বাজার এবং পাব্লিক বিল্ডিং এ পুরুষ ও মহিলাদের জন্য আলাদা শৌচালয় আছে।

লক্ষ্য ২- ওডিএফ স্বীকৃতির ধারাকে অব্যাহত রাখা

❖ সূচক- কত শতাংশ সুলভ শৌচালয়ে (Community Toilet) দিব্যাঙ্গনদের জন্য বিশেষ শৌচালয়ের ব্যবস্থা রয়েছে।

কত শতাংশ সুলভ শৌচালয়ে (Community Toilet) হাত ধোয়ার জন্য জল ও সাবানের ব্যবস্থা রয়েছে।

গ্রামে কঠিন এবং তরল বর্জ্য পদার্থ পৃথকীকরণের ব্যবস্থা আছে কিনা।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

লক্ষ্য ৩- কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা

❖ সূচক- কত শতাংশ সরকারী এবং ব্যবসায়ী প্রতিষ্ঠান কঠিন এবং তরল বর্জ্য পৃথকীকরণের সাথে যুক্ত আছে

অপচনশীল বর্জ্য (প্লাস্টিক, কাঁচ, ধাতু ইত্যাদি) এর বৈজ্ঞানিক নিষ্পত্তি/পুনরুদ্ধার করার ব্যবস্থা আছে কিনা।

পচনশীল বর্জ্যের বৈজ্ঞানিক নিষ্পত্তি করা হচ্ছে কিনা।

গ্রাম পঞ্চায়েতে শৌচালয় কর্মীদের জন্য নিরাপত্তা ব্যবস্থা অনুসরণ করা হচ্ছে কিনা।

লক্ষ্য ৪- তরল বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা

❖ সূচক- কত শতাংশ জনবহুল এলাকায় আবর্জনা জমা নেই।

কত শতাংশ বাড়িঘরের আশেপাশে আবর্জনা জমা থাকেনা।

কত শতাংশ ঘরের চারপাশে বর্জ্য জল জমা থাকেনা।

কত শতাংশ পরিবার যেকোনো ধরনের পয়ঃনিষ্কাশনী ব্যবস্থার সাথে সংযুক্ত আছে।

বর্জ্য জল পরিশোধন করা হয় কিনা।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

## লক্ষ্য ৫- উল্লেখযোগ্যভাবে আবর্জনার পরিমান হ্রাস, প্রতিরোধ এবং পুনর্ব্যবহার

❖ সূচক- কঠিন বর্জ্য নিয়মিত সংগ্রহ, পৃথকীকরণ এবং পুনর্ব্যবহারযোগ্য করা হয় কিনা।

কত শতাংশ পরিবার বর্জ্য জল ধূসর জল হিসাবে ব্যবহার করে ।

পঞ্চায়েত কি একক ব্যবহারযোগ্য প্লাস্টিক নিষিদ্ধ করেছে।

## লক্ষ্য ৬- পঞ্চায়েতে পরিচ্ছন্ন শক্তি ব্যবহার করা

❖ সূচক- কত শতাংশ পরিবার পরিষ্কার রান্নার জ্বালানি ব্যবহার করে।

কত শতাংশ রাস্তায় স্ট্রিট লাইট ব্যবহার করা হয়।

কত শতাংশ পাম্প সেট পুনর্নবীকরণযোগ্য শক্তির মাধ্যমে পরিচালিত হচ্ছে।

কত শতাংশ স্ট্রিট লাইটে এল.ই.ডি (LED) ব্যবহার হচ্ছে।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

**লক্ষ্য ৭- রাসায়নিক এবং সমস্ত বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা**

❖ সূচক- কত শতাংশ কৃষি জমি জৈব চাষের অধীনে আছে।
কৃষিতে মোট ব্যবহৃত সারের মধ্যে কত শতাংশ নাইট্রোজেনযুক্ত সার।

**লক্ষ্য ৮- ছোট আকারের মৎস্যজীবীদের সামুদ্রিক সম্পদ ও বাজার ব্যবহারের সুযোগ দেওয়া**

❖ সূচক- মাছ ধরার জন্য পর্যাপ্ত পরিকাঠামোগত সুবিধা আছে কি না।
কত শতাংশ মৎস্যজীবী মাছ উৎপাদনকারী সংগঠন (FFPO) এর মধ্যে অন্তর্ভুক্ত আছে।

**লক্ষ্য ৯- বৈজ্ঞানিক জ্ঞান বৃদ্ধি, গবেষণা ক্ষমতার বিকাশ ও সামুদ্রিক প্রযুক্তির স্থানান্তকরণ**

❖ সূচক- কত শতাংশ মৎস্যজীবী মৎস্য চাষের উন্নতির জন্য সরকারের কাছ থেকে কোনোও ধরনের সহায়তা পেয়েছেন ।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

**লক্ষ্য ১০- জলাশয়, আর্দ্র জমি, বন দূষণ, দখল এবং নির্বিচার ব্যবহার থেকে সুরক্ষা নিশ্চিত করা**

❖ সূচক- মোট ভৌগলিক এলাকার সাথে গাছের আচ্ছাদনের অনুপাত কত।

গ্রাম পঞ্চায়েতে পরিবেশ সংরক্ষণের জন্য কার্যকরী কমিটি আছে কিনা।

পিপল বায়ো-ডাইভারসিটি রেজিস্টার আপডেটেড কিনা।

মাটি ক্ষয় রোধে গ্রাম পঞ্চায়েত কোনও ধরনের পদক্ষেপ নিয়েছে কিনা।

পার্বত্য এলাকায় কত শতাংশ জলাশয় পুনরুদ্ধার করা হয়েছে।

**লক্ষ্য ১১- সব ধরনের বনের সুস্থায়ী ব্যবস্থাপনা বাস্তবায়ন করা**

❖ সূচক- গ্রাম পঞ্চায়েতের কত শতাংশ জায়গায় নার্সারি তৈরী করা হয়েছে।

গ্রামে সামাজিক বনায়ন কর্মসূচীর অধীনে প্রতি হেক্টরে কত শতাংশ গাছ রোপণ করা হয়েছে।

উঁচু ঢালু অঞ্চল, অনুর্বর জমি এবং অন্যান্য জমিতে কি অনুপাতে গাছ লাগানো আছে।

গ্রামে সামাজিক বনায়ন কর্মসূচীর আওতায় রোপণ করা গাছের মধ্যে কত শতাংশ গাছ বেঁচে আছে।

গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বিদ্যালয়গুলিতে গাছের নার্সারি তৈরি হয়েছে কিনা।

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের সূচক

**লক্ষ্য ১২- মরুকরণের বিরুদ্ধে লড়াই, ক্ষয়প্রাপ্ত জমি এবং মাটির পুনরুদ্ধার করা**

❖ সূচক- মোট পতিত জমির কত শতাংশ পুনরুদ্ধার করা হয়েছে।
কত শতাংশ বপন যোগ্য এলাকা বৃদ্ধি পেয়েছে।

**লক্ষ্য ১৩- সমস্ত স্তর থেকে উল্লেখযোগ্য সম্পদ সংগ্রহ করে অর্থায়নের ব্যবস্থা করা।**

❖ সূচক- স্থানীয় সরকার মোট ব্যয়ের কত শতাংশ পরিবেশ সুরক্ষা, শৌচালয়, বর্জ্য ব্যবস্থাপনা, পরিচ্ছন্ন শক্তি, সুস্থায়ী কৃষিতে ব্যয় করে।




# ধন্যবাদ

পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম

# সুস্থায়ী উন্নয়ন লক্ষ্য মাত্রার স্থানীয়করণ

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম (থিম- ০৫)

सशक्त पंचायत सतत् विकास

## পঞ্চায়েত দপ্তর, ত্রিপুরা সরকার

# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের লক্ষ্যমাত্রা

## পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের ক্ষেত্রে মোট ১৩ টি লক্ষ্যমাত্রা ধার্য করা আছে।

১। গ্রামে পয়ঃপ্রণালী ব্যবস্থা নিশ্চিত করা

২। ওডিএফ স্বীকৃতির ধারাকে অব্যাহত রাখা

৩। কঠিন বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা

৪। তরল বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা

৫। উল্লেখযোগ্যভাবে আবর্জনার পরিমান হ্রাস, প্রতিরোধ এবং পুনর্ব্যবহার

৬। পঞ্চায়েতে পরিচ্ছন্ন শক্তি ব্যবহার করা।











# পরিচ্ছন্ন ও সবুজ গ্রামের লক্ষ্যমাত্রা

৭। রাসায়নিক এবং সমস্ত বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা।

৮। ছোট আকারের মৎস্যজীবীদের সামুদ্রিক সম্পদ ও বাজার ব্যবহারের সুযোগ দেওয়া।

৯। বৈজ্ঞানিক জ্ঞান বৃদ্ধি, গবেষণা ক্ষমতার  বিকাশ ও সামুদ্রিক প্রযুক্তির স্থানান্তকরণ।

১০। জলাশয়, আর্দ্র জমি, বন দূষণ, দখল এবং নির্বিচার ব্যবহার থেকে সুরক্ষা নিশ্চিত করা।

১১। সব ধরনের বনের সুস্থায়ী ব্যবস্থাপনা বাস্তবায়ন করা।

১২। ক্ষয়প্রাপ্ত জমি এবং মাটির পুনরুদ্ধার করা।

১৩। সমস্ত স্তর থেকে উল্লেখযোগ্য সম্পদ সংগ্রহ করে থিম ৫ বাস্তবায়নের জন্য অর্থায়নের ব্যবস্থা করা।










# ধন্যবাদ

পরিচ্ছন্ন ও সবুজ গ্রাম